



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তুলা উন্নয়ন বোর্ড  
নির্বাহী পরিচালকের কার্যালয়  
তুলা ভবন, কৃষি খামার সড়ক  
ফার্মগেট, ঢাকা-১২১৫।  
[www.cdb.gov.bd](http://www.cdb.gov.bd)

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.০৭.০০০০.১০১.১১.০০২.১৩. ৩৯

তারিখঃ ১৫-০১-২০২৫ খ্রিঃ।

অফিস আদেশ

তুলা উন্নয়ন বোর্ড (সিডিবি)'র বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটির গত ৩০-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ এবং সন্তোষজনক পুলিশ প্রত্যয়নের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১০২০০-২৪৬৮০/- টাকা বেতনক্রম ও বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ রাজস্বখাতের ১৪ তম গ্রেডডুক্ত “উচ্চমান সহকারী” পদে শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

ক্র.নং	মেধাক্রম	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	রোল নম্বর	স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
১	১	মোস্তাফিজুর রহমান পিতা-শামছুজ্জুহা মাতা-তৈয়বা বেগম।	১১০০১০৫০	গ্রামঃ তিনচটি ডাকঘরঃ গাছবাড়ী বাজার-৩১৮৩ উপজেলা/থানাঃ কানাইঘাট জেলাঃ সিলেট।	তুলা উন্নয়ন বোর্ড আঞ্চলিক কার্যালয়, যশোর।
২	২	মোঃ আব্দুল্লাহ-আল-মামুন পিতা-মোঃ মফিজুর রহমান মাতা- মোছাঃ রাজিয়া খাতুন।	১১০০০৬৪৯	গ্রামঃ ভাদড়া ডাকঘরঃ মুক্তারপুর-৭৪১০ উপজেলা/থানাঃ চৌগাছা জেলাঃ যশোর।	তুলা উন্নয়ন বোর্ড জোনাল কার্যালয়, যশোর।
৩	৩	সালমা আক্তার পিতা-মৃত কাজী নজির আহমেদ মাতা-জাহানারা বেগম।	১১০০১৪০৩	গ্রামঃ তালতলী ডাকঘরঃ সুয়াগাজী বাজার-৩৫০৪ উপজেলা/থানাঃ কুমিল্লা সদর দক্ষিণ, জেলাঃ কুমিল্লা।	তুলা উন্নয়ন বোর্ড আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।
৪	৪	মোঃ নাজিম উদ্দিন পিতা-মোঃ আব্দুল করিম মাতা-কামরুন নাহার	১১০০০১৭১	গ্রামঃ কাচিয়া ডাকঘরঃ বোরহানগঞ্জ-৮৩২০ উপজেলা/থানাঃ বোরহানউদ্দিন জেলাঃ ভোলা।	তুলা উন্নয়ন বোর্ড জোনাল কার্যালয়, কুষ্টিয়া।

শর্তাবলী:

- প্রার্থী কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত থাকলে তাকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অবমুক্তির আদেশ (Release Order) গ্রহণ করতে হবে;
- চাকুরীতে যোগদানকালে সরকারি বিধি অনুযায়ী সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদন দাখিল করতে হবে;
- চাকুরীতে যোগদানের পর প্রার্থীকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাদের চাকরির অবসান ঘটাতে পারবেন;
- শিক্ষানবিশির মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর/তাদের চাকরি স্থায়ী করা হবে;
- শিক্ষানবিশকালে কোন যুক্তিসঙ্গত বা আইনসঙ্গত কারণে কোন প্রকার ক্ষতিপূরণ প্রদান ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় চাকরিচ্যুত করতে পারবে;
- ভবিষ্যতে তাঁর শিক্ষাগত যোগ্যতার সনদ যাচাই এবং আবেদনপত্রে প্রদানকৃত তথ্যে কোন গরমিল পরিলক্ষিত হলে তাঁর নিয়োগপত্র তাৎক্ষণিকভাবে বাতিল করা হবে;
- যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

জ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ কোন ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা প্রার্থীর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

ঝ) এ চাকুরিতে যোগদানের জন্য কোন ভ্রমন ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

২। উল্লিখিত শর্তাবলী প্রার্থীর নিকট গ্রহণযোগ্য হলে আগামী ০২-০২-২০২৫ তারিখে তাঁকে সকল শিক্ষণত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্র, নাগরিকত্ব সনদ এবং প্রয়োজনীয় কাগজপত্রাদির মূলকপি ও ১ (এক) সেট সত্যায়িত ফটোকপিসহ পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে ইচ্ছুক নন বলে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব)

নির্বাহী পরিচালক

ফোনঃ ০২-৪১০২৫৭৬৬

ই-মেইলঃ [ed@cdb.gov.bd](mailto:ed@cdb.gov.bd)

স্মারক নং-১২.০৭.০০০০.১০১.১১.০০২.১৩. ৩১

তারিখঃ ১৫-০১-২০২৫ খ্রিঃ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, গবেষণা অনুবিভাগ)।
২. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, চট্টগ্রাম।
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, যশোর/চট্টগ্রাম।
৫. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যশোর/কুষ্টিয়া।
৬. সিভিল সার্জন, যশোর/কুষ্টিয়া/চট্টগ্রাম/কুমিল্লা/ভোলা/সিলেট/ঢাকা জেলা।
৭. প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয়, যশোর/কুষ্টিয়া।
৮. তুলা উন্নয়ন কর্মকর্তা (আইসিটি শাখা), তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা (আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. হিসাব রক্ষণ কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১০. জনাব মোস্তাফিজুর রহমান, পিতা-শামছুজ্জুহা, মাতা-তৈয়বা বেগম, গ্রাম- তিনচটি, ডাকঘর-গাছবাড়ী বাজার-৩১৮৩, উপজেলা/থানা-কানাইঘাট, জেলা-সিলেট।
১১. জনাব মোঃ আব্দুল্লাহ-আল-মামুন, পিতা-মোঃ মফিজুর রহমান, মাতা- মোছাঃ রাজিয়া খাতুন, গ্রাম-ভাদড়া, ডাকঘর-মুন্সারপুর-৭৪১০, উপজেলা/থানা-চৌগাছা, জেলা-যশোর।
১২. জনাব সালমা আক্তার, পিতা-মৃত কাজী নজির আহম্মেদ, মাতা-জাহানারা বেগম, গ্রাম-তালতলী, ডাকঘর-সুয়াগাজী বাজার-৩৫০৪, উপজেলা/থানা-কুমিল্লা সদর, দক্ষিণ জেলা-কুমিল্লা।
১৩. জনাব মোঃ নাজিম উদ্দিন, পিতা-মোঃ আব্দুল করিম, মাতা-কামরুন নাহার, গ্রাম-কাচিয়া, ডাকঘর-বোরহানগঞ্জ-৮৩২০, উপজেলা/থানা- বোরহানউদ্দিন, জেলা-ভোলা।
১৪. অফিস/ব্যক্তিগত নথি।

(ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব)

নির্বাহী পরিচালক

ফোনঃ ০২-৪১০২৫৭৬৬

ই-মেইলঃ [ed@cdb.gov.bd](mailto:ed@cdb.gov.bd)